গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
সাধারণ শাখা-২
www.sylhetdiv.gov.bd

বিষয়: বিভাগীয় আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | ড. মুহাম্মদ মোশাররফ হোসেন<br>বিভাগীয় কমিশনার, সিলেট |
| সভার তারিখ | : ১৫ মে ২০২৩ |
| সভার সময় | : দুপুর ১২:০০ টা |
| স্থান | : বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট-এর সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | : উপস্থিতি তালিকা সংযুক্ত (ক) |

সভাপতি সভায় উপস্থিত সকলকে আসন্ন পবিত্র রমজান মাসের শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুরোধক্রমে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) ও অত্র কমিটির সদস্য-সচিব আলোচ্যসূচি উপস্থাপন করেন। বিগত সভার কার্যবিবরণীতে কোনো প্রকার সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

০২। সভায় বিগত সভার সিদ্ধান্তসমূহ ও এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। অতঃপর নিম্নবর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা এবং সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

০৩। সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি:

**সিলেট বিভাগের মার্চ ২০২৩ ও মার্চ ২০২২ মাসের তুলনামূলক অপরাধ পরিসংখ্যান নিম্নরূপ: (সংযুক্ত-খ)**

| বিভিন্ন অপরাধ | এসএমপি সিলেট | | সিলেট জেলা | | সুনামগঞ্জ জেলা | | হবিগঞ্জ জেলা | | মৌলভীবাজার জেলা | | বিভাগের মোট | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | মার্চ ২০২৩ | মার্চ ২০২২ | মার্চ ২০২৩ | মার্চ ২০২২ | মার্চ ২০২৩ | মার্চ ২০২২ | মার্চ ২০২৩ | মার্চ ২০২২ | মার্চ ২০২৩ | মার্চ ২০২২ | মার্চ ২০২৩ | মার্চ ২০২২ |
| মোট | ১৯৩ | ২৪৬ | ২২৭ | ২৫৫ | ১২৮ | ৯৭ | ১১৮ | ২১৪ | ১৯৮ | ২০১ | **৮৪৬** | **১০১৩** |

**সিলেট বিভাগের এপ্রিল ২০২৩ ও এপ্রিল ২০২২ মাসের তুলনামূলক অপরাধ পরিসংখ্যান নিম্নরূপ: (সংযুক্ত-গ)**

| বিভিন্ন অপরাধ | এসএমপি সিলেট | | সিলেট জেলা | | সুনামগঞ্জ জেলা | | হবিগঞ্জ জেলা | | মৌলভীবাজার জেলা | | বিভাগের মোট | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | এপ্রিল ২০২৩ | এপ্রিল ২০২২ | এপ্রিল ২০২৩ | এপ্রিল ২০২২ | এপ্রিল ২০২৩ | এপ্রিল ২০২২ | এপ্রিল ২০২৩ | এপ্রিল ২০২২ | এপ্রিল ২০২৩ | এপ্রিল ২০২২ | এপ্রিল ২০২৩ | এপ্রিল ২০২২ |
| মোট | ২১০ | ২২২ | ২৫৮ | ২৫০ | ১৬১ | ১০৯ | ১৩৪ | ২২৬ | ১৮৬ | ২০২ | **৯৪৯** | **১০০৯** |

**সিলেট বিভাগের মার্চ ২০২৩ ও এপ্রিল ২০২৩ মাসের ভ্রাম্যমান আদালত বিবরণী: (সংযুক্ত-ঘ)**

| ক্রমিক | জেলার নাম | মোবাইল কোর্ট পরিচালনার সংখ্যা | | মামলার সংখ্যা | | দন্ড | | | | আদায়কৃত অর্থ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অর্থদন্ড প্রাপ্ত | | কারাদন্ড প্রাপ্ত | | | |
| | | মার্চ ২০২৩ | এপ্রিল ২০২৩ | মার্চ ২০২৩ | এপ্রিল ২০২৩ | মার্চ ২০২৩ | এপ্রিল ২০২৩ | মার্চ ২০২৩ | এপ্রিল ২০২৩ | মার্চ ২০২৩ | এপ্রিল ২০২৩ |
| ১ | সিলেট (এসএমপিসহ) | ১০৭ | ১০৮ | ২৬৫ | ২৮০ | ২৬৫ | ২৮০ | ১৬ | ২২ | ১৩,০৭,৬০০/- | ১২,২০,৩০০/- |
| ২ | সুনামগঞ্জ | ৭৭ | ৫৮ | ১৯৬ | ২৩৯ | ২০৬ | ২৪৪ | ২৬ | ২৮ | ১১,৫৮,৯৫০/- | ৭,৩০,৭৫০/- |

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৩ | হবিগঞ্জ | ৭৮ | ১৩৪ | ১৪৩ | ১৫০ | ১৪৩ | ১৪৯ | ২১ | ১১ | ৫,৯৩,৬৪০/- | ৩,৪৫,০৭০/- |
| ৪ | মৌলভীবাজার | ৩৮ | ৪৪ | ৮৭ | ১২২ | ৮৭ | ১২২ | ১৮ | ২১ | ৩,১৫,৫৭০/- | ২,৬৩,২৫০/- |
| **বিভাগের মোট** | | **৩০০** | **৩৪৪** | **৬৯১** | **৭৯১** | **৭০১** | **৭৯৫** | **৮১** | **৮২** | **৩৩,৭৫,৭৬০/-** | **২৫,৫৯,৩৭০/-** |

<table>
<tr><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr>
<td>১. গত সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:<br>মার্চ ২০২৩ মাসের বিভাগীয় আইন-শৃঙ্খলা কমিটির সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি নিম্নরূপ:
<table>
<tr><th>সভার তারিখ</th><th>গৃহীত সিদ্ধান্তের সংখ্যা</th><th>গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের সংখ্যা</th><th>সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির হার</th></tr>
<tr><td>২০ মার্চ ২০২৩</td><td>৪১টি</td><td>৪০টি</td><td>৯৭.৫৬%</td></tr>
</table>
</td>
<td>মার্চ ২০২৩ মাসের সভায় গৃহীত ৪১টি সিদ্ধান্তের মধ্যে ৪০টি সিদ্ধান্ত বাস্তবায়ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। অবশিষ্ট ০১টি সিদ্ধান্ত আগামী সভার পূর্বে বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়।</td>
<td>বিভাগীয় আইন-শৃঙ্খলা কমিটির সদস্যবৃন্দ</td>
</tr>
<tr>
<td>২. বিভাগাধীন জেলার মার্চ ২০২৩ ও মার্চ ২০২২ মাসের তুলনামূলক অপরাধ বিবরণী:<br>পর্যালোচনায় দেখা যায়, সিলেট বিভাগের মার্চ ২০২৩ মাসের সামগ্রিক অপরাধ মার্চ ২০২২ মাসের তুলনায় অনেকাংশে হ্রাস পেয়েছে। মার্চ ২০২২ মাসের তুলনায় মার্চ ২০২৩ মাসে সিলেট মেট্রোপলিটন এলাকায় ছিনতাই, প্রাণহানি এবং চুরি, সিলেট জেলায় প্রাণহানি, সুনামগঞ্জ এবং হবিগঞ্জ জেলায় খুন এবং মৌলভীবাজার জেলায় আহতের সংখ্যা কিছুটা বৃদ্ধি পেয়েছে। সুনামগঞ্জ জেলার অপরাধ সংখ্যা কিছুটা বৃদ্ধি পেলেও অন্যান্য জেলার মার্চ ২০২৩ মাসের সামগ্রিক অপরাধ মার্চ ২০২২ মাসের তুলনায় কমেছে।<br><br>এপ্রিল ২০২৩ ও এপ্রিল ২০২২ মাসের তুলনামূলক অপরাধ বিবরণী:<br>পর্যালোচনায় দেখা যায়, এপ্রিল ২০২২ মাসের তুলনায় এপ্রিল ২০২৩ মাসে সিলেট বিভাগের অপরাধ কিছুটা কমেছে। এপ্রিল ২০২৩ মাসে সিলেট মেট্রোপলিটন এলাকায় ছিনতাই, সিলেট জেলায় প্রাণহানি, ধর্ষণ, চুরি এবং হবিগঞ্জ জেলায় খুনের সংখ্যা কিছুটা বৃদ্ধি পেয়েছে। সকল জেলার এপ্রিল ২০২৩ মাসের</td>
<td>২.১ শিশু ধর্ষন, নারী ও শিশু প্রতি সহিংসতাসহ অন্যান্য অপরাধ হ্রাসের জন্য নৈতিক শিক্ষার প্রসার এবং আইনের যথাযথ প্রয়োগ নিশ্চিত করতে হবে।<br><br>২.২ দাঙ্গা প্রবণ এলাকার জনগণকে বিশেষ ব্যবস্থায় কাউন্সিলিংয়ের আওতায় আনতে হবে। এক্ষেত্রে জনপ্রতিনিধি, ধর্মীয় নেতৃবৃন্দসহ সামাজিক এবং রাজনৈতিক নেতৃবৃন্দকে সম্পৃক্ত করে বিশেষ উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>২.৩ ভ্রাম্যমান আদালত পরিচালনাকালে অপরাধের গুরুত্ব বিবেচনায় অর্থদন্ডের পাশাপাশি কারাদন্ড প্রদানের হার বৃদ্ধি করতে হবে।<br><br>২.৪ বিভিন্ন নদী/কোয়ারি এবং ব্যক্তি মালিকানাধীন স্থান থেকে পাথর উত্তোলন বন্ধে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার পাশাপাশি নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে এবং পাথর শ্রমিকদের বিকল্প অন্য কোনো কাজে নিয়োজিত করার ব্যাপারে উদ্যোগ গ্রহণ করতে হবে।</td>
<td>১. ডিআইজি, সিলেট রেঞ্জ<br>২. পুলিশ কমিশনার, এসএমপি<br>৩. সেক্টর কমান্ডার, বিজিবি, সিলেট<br>৪. সেক্টর কমান্ডার, বিজিবি, শ্রীমঙ্গল<br>৫. জেলা প্রশাসক (সকল)<br>৬. অধিনায়ক, র‍্যাব-৯, সিলেট<br>৭. পুলিশ সুপার (সকল)<br>৮. পুলিশ সুপার, নৌ পুলিশ, সিলেট<br>৯. পরিচালক, পরিবেশ অধিদপ্তর, সিলেট</td>
</tr>
</table>

| | | |
|---|---|---|
| সামগ্রিক অপরাধ এপ্রিল ২০২২ মাসের তুলনায় কমেছে।<br><br>মার্চ এবং এপ্রিল ২০২৩ মাসে সিলেট মেট্রোপলিটন এলাকায় সংঘটিত প্রতিটি ছিনতাই ঘটনায় আসামী ধৃত হয়েছে এবং এসব মামলাসমূহ দ্রুত বিচার আদালতে বিচারাধীন মর্মে পুলিশ কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ সভাকে অবহিত করেন।<br><br>সভায় প্রতিটি জেলার গত দুই মাসের আলোচিত বিভিন্ন গুরুত্বপূর্ন মামলা সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচিত বেশিরভাগ মামলারই কারণ সনাক্ত হয়েছে এবং আসামীদের আটক করে পরবর্তী আইনি প্রক্রিয়া চলমান রয়েছে বলে সভায় জানানো হয়। হবিগঞ্জ জেলায় এপ্রিল ২০২৩ মাসে খুনের পরিমান বৃদ্ধি পাওয়ায় উদ্বেগ প্রকাশ করা হয়। এর কারণ হিসেবে জানানো হয় যে, ঈদের ছুটিতে বেশিরভাগ মানুষ তাদের কর্মস্থল থেকে ফেরত এসে বাড়িতে অবস্থান করায় পূর্ব শত্রুতার জের, জমিজমা নিয়ে বিরোধ, রাজনৈতিক কারণ এবং অনেক ক্ষেত্রে তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে মারামারির সূত্রপাত এবং সেখান থেকে হত্যার মতো ঘটনা ঘটছে। এ থেকে উত্তরণের জন্য মাঠ পর্যায়ে পুলিশ সদস্যদের আরো তৎপর হওয়াসহ এলাকাভিত্তিক সাধারণ মানুষকে কাউন্সিলিংয়ের বিষয়ে সভায় আলোকপাত করা হয়।<br><br>সভায় শিশু ধর্ষন, নারী ও শিশু প্রতি সহিংসতাসহ অন্যান্য অপরাধ প্রবণতা হ্রাসের জন্য নৈতিক শিক্ষা ও মানবিক মূল্যবোধ সৃষ্টি এবং আইনের সঠিক প্রয়োগের উপর গুরুত্বারোপ করা হয়। তাছাড়া ভ্রাম্যমান আদালত পরিচালনাকালে অর্থদন্ডের তুলনায় কারাদন্ড প্রদানের হার বৃদ্ধি করা হলে তুলনামূলক বেশি ফলপ্রসূ হবে বলে সভায় মতামত ব্যক্ত করা হয়।<br><br>পর্যটন শিল্পের বিকাশের স্বার্থে সিলেট অঞ্চলের নদী, পাহাড়, টিলা কেটে অবৈধভাবে বালু, পাথর উত্তোলনসহ পরিবেশগত বিভিন্ন অপরাধ দমনে অভিযান বৃদ্ধি এবং জিরো টলারেন্স নীতি অবলম্বন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। মহামান্য হাইকোর্টের নির্দেশ এবং সরকারের সিদ্ধান্ত অনুযায়ী বিভিন্ন নদী, কোয়ারি থেকে পাথর উত্তোলন বন্ধ আছে। এরপরেও পাথর সমৃদ্ধ এলাকায় ব্যক্তি মালিকানাধীন স্থান থেকে যাতে কেউ | ২.৫ মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গল এবং কুলাউড়া উপজেলায় অবৈধভাবে সিলিকা বালু উত্তোলন বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>২.৬ সীমান্তবর্তী এলাকাসহ অন্যান্য এলাকায় পরিবেশ সংক্রান্ত অপরাধ প্রতিরোধে বিজিবি, পুলিশ বিভাগ ও নৌ-পুলিশের সমন্বয়ে অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে এবং এ সংক্রান্ত তথ্য প্রেরণ করতে হবে।<br><br>২.৭ সীমান্তে হত্যা প্রতিরোধে নিয়মিত জনসচেতনামূলক সভা আয়োজন করতে হবে।<br><br>২.৮ ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভা নিয়মিত আয়োজন এবং এ সংক্রান্ত কার্যবিবরণী সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করতে হবে। | |

| | | |
|---|---|---|
| গোপনে অবৈধভাবে পাথর উত্তোলন করে পরিবেশের ক্ষতি করতে না পারে সে জন্য নজরদারি বৃদ্ধির বিষয়ে সভায় আলোচনা করা হয়। পাশাপাশি পাথর শ্রমিকদের বিকল্প অন্য কোনো কাজে নিয়োজিত করার বিষয়ে আলোচনা করা হয়। মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গল এবং কুলাউড়া উপজেলায় অবৈধভাবে সিলিকা বালু উত্তোলন বৃদ্ধি পেয়েছে বলে সভায় অবহিত করা হয়। এ বিষয়ে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br><br>সীমান্তে হত্যা প্রতিরোধে সীমান্তবর্তী এলাকার মানুষদের এ বিষয়ে সচেতন করার লক্ষ্যে বিজিবি, পুলিশ, প্রশাসন ও স্থানীয় জনপ্রতিনিধি ও সাধারণ মানুষদের নিয়ে মতবিনিময় সভা আয়োজনের ধারা অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়। পাশাপাশি সীমান্তবর্তী এলাকায় কোনো অভিযান পরিচালনার ক্ষেত্রে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং বিজিবির মধ্যে সমন্বয়ের বিষয়টিও সভায় আলোচিত হয়।<br><br>তৃণমূল পর্যায়ে আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভা নিয়মিত আয়োজন এবং সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ নিশ্চিত করার বিষয়ে সভায় আলোকপাত করা হয়। | | |
| **৩. রোহিঙ্গা সংক্রান্ত:**<br>ভারত সীমান্ত দিয়ে যাতে কোনো রোহিঙ্গা বাংলাদেশে অনুপ্রবেশ করতে না পারে সেদিকে সতর্ক দৃষ্টি রাখার বিষয়ে মতামত প্রকাশ করা হয়। সিলেট বিভাগের কোথাও কোনো রোহিঙ্গা পাওয়া গেলে তৎক্ষণাৎ তাকে পুলিশের কাছে সোপর্দ করার ব্যবস্থা নিতে হবে এবং পুলিশ সেই রোহিঙ্গাকে কক্সবাজারের ক্যাম্পে পাঠানোর ব্যবস্থা করবে বলে সভায় আলোচনা করা হয়। সভায় সিলেট বিভাগ হতে রোহিঙ্গাদের বাংলাদেশি পাসপোর্ট গ্রহণ ঠেকাতে সংশ্লিষ্ট সকলকে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের বিষয়ে আলোকপাত করা হয়।<br><br>এছাড়া রোহিঙ্গা সংক্রান্ত অপরাধ দমনে সীমান্ত এলাকায় জনপ্রতিনিধি, সুশীল সমাজ, গণ্যমান্য ব্যক্তি ও আইন-শৃঙ্খলা বাহিনীর প্রতিনিধিদের সম্পৃক্ত করে বিশেষ জনসচেতনতামূলক সভা আয়োজনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ৩.১ ভারত সীমান্ত দিয়ে রোহিঙ্গা অনুপ্রবেশ ঠেকাতে সংশ্লিষ্ট সকলকে সতর্ক দৃষ্টি রাখতে হবে এবং কোথাও কোনো রোহিঙ্গা পাওয়া গেলে পুলিশের সহায়তায় কক্সবাজারের ক্যাম্পে পাঠিয়ে দিতে হবে ।<br><br>৩.২ সিলেট বিভাগ থেকে কোনো রোহিঙ্গা যাতে বাংলাদেশি পাসপোর্ট গ্রহণ করতে না পারে সেজন্য সংশ্লিষ্ট সকলকে সর্বোচ্চ সর্তকতা অবলম্বন করতে হবে।<br><br>৩.৩ সীমান্ত এলাকায় জনপ্রতিনিধি, সুশীল সমাজ, গণ্যমান্য ব্যক্তি ও আইন-শৃঙ্খলা বাহিনীর প্রতিনিধিদের সম্পৃক্ত করে রোহিঙ্গা অনুপ্রবেশ, মাদক, চোরাচালান ও আইন-শৃঙ্খলা সংক্রান্ত বিষয়ে বিশেষ জনসচেতনতামূলক সভা আয়োজন করতে হবে। | ১. ডিআইজি, সিলেট রেঞ্জ<br>২. পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট<br>৩. সেক্টর কমান্ডার, বিজিবি, সিলেট<br>৪. সেক্টর কমান্ডার, বিজিবি, শ্রীমঙ্গল<br>৫. জেলা প্রশাসক (সকল)<br>৬. অধিনায়ক, র‍্যাব-৯, সিলেট<br>৭. পুলিশ সুপার (সকল)<br>৮. উপপরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, সিলেট |
| **৪. জঙ্গিবাদ মোকাবিলা:** | ৪.১ ভাড়াটিয়াদের তালিকা CIMS | ১. ডিআইজি, সিলেট রেঞ্জ, সি |

| | | |
|---|---|---|
| সভায় জানানো হয় যে, মেট্রোপলিটন এলাকাসহ বিভাগের অন্যান্য শহরেও সংশ্লিষ্ট পুলিশ বিভাগ কর্তৃক ভাড়াটিয়াদের তালিকা CIMS (Citizen Information Management System) এ অন্তর্ভুক্তকরণ কার্যক্রম অব্যাহত আছে।<br><br>ভাড়াটিয়াদের তথ্যের পাশাপাশি গৃহ পরিচারিকাদের তথ্যও যাতে বাড়িওয়ালাগণ নির্ধারিত ফরমে পূরণপূর্বক জাতীয় পরিচয়পত্রের কপিসহ সংশ্লিষ্ট পুলিশ বিভাগ বরাবর নিয়মিত প্রেরণ করেন সে বিষয়ে বাড়িওয়ালাদের সচেতনতা বৃদ্ধির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>জঙ্গিবাদ প্রতিরোধে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নিয়মিত কার্যক্রম চলমান আছে মর্মে সভায় জানানো হয়। এছাড়া জঙ্গিবাদ প্রতিরোধে পুলিশকে সুনির্দিষ্ট তথ্য দিয়ে সহায়তা প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়। ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক জঙ্গিবাদ মোকাবিলায় নিয়মিত উঠান বৈঠক আয়োজন এবং নিজ নিজ অবস্থান থেকে কার্যকর ভূমিকা রাখার জন্য সভাপতি সকলকে আহ্বান জানান।<br><br>জুমআর নামাজের খুৎবা এবং খুৎবা পূর্ববর্তী বয়ানে ইমামগণ যেন জঙ্গিবাদ, মাদকের অপব্যবহার, বাল্য বিবাহ, ভিক্ষাবৃত্তি, ভিন্নমতের প্রতি আগ্রাসীপূর্ণ মনোভাব প্রদর্শনসহ বিভিন্ন সামাজিক সমস্যা নিয়ে আলোচনা করেন এবং কোনো প্রকার অপ্রাসঙ্গিক ও উস্কানিমূলক বক্তব্য যাতে না দেন সে বিষয়টি সভায় আলোচিত হয়। তাছাড়া মসজিদ কমিটির সাথে সভা করে খুৎবাপূর্ববর্তী বয়ানের বিষয় চূড়ান্ত করা সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>এছাড়া স্থানীয় জনপ্রতিনিধি, সুশীল সমাজের ব্যক্তিবর্গ ও সরকারি কর্মকর্তাদের মসজিদে জুমআর নামাজ আদায়ের সময় জঙ্গিবাদ/মাদকের অপব্যবহার/বাল্য বিবাহসহ অন্যান্য সামাজিক সমস্যা নিয়ে মুসল্লিদের সাথে আলোচনা করা এবং এ বিভাগাধীন জেলাসমূহ এবং ইসলামিক ফাউন্ডেশন হতে জঙ্গিবাদ ও মাদক সংক্রান্ত কার্যক্রম (মসজিদে বয়ান, উঠান বৈঠক ও অন্যান্য) পূর্বের মাস ও চলতি মাস অনুযায়ী তথ্য প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (Citizen Information Management System) এ অন্তর্ভুক্তকরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>৪.২ নির্ধারিত ফরমে ভাড়াটিয়া এবং গৃহ পরিচারিকাদের তথ্য পূরণপূর্বক জাতীয় পরিচয়পত্রের কপিসহ পুলিশ বিভাগ বরাবর প্রেরণের বিষয়ে বাড়িওয়ালাদের সম্পৃক্ততা ও সচেতনতা বৃদ্ধির উদ্যোগ অব্যাহত রাখতে হবে।<br><br>৪.৩ ইমামগণ কর্তৃক জুমআর খুৎবা এবং খুৎবাপূর্ববর্তী বয়ানে জঙ্গিবাদসহ নির্ধারিত বিষয়ের উপর আলোচনা করা এবং অপ্রাসঙ্গিক ও উস্কানিমূলক বক্তব্য প্রদান পরিহারের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>৪.৪ জুমআর নামাজে খুৎবাপূর্ববর্তী বয়ানের বিষয় নির্ধারণ সম্পর্কে মসজিদ কমিটির সাথে সভা করার উদ্যোগ নিতে হবে। পাশাপাশি এলাকাভিত্তিক মসজিদের সভাপতি/সম্পাদকদের নিয়ে আলাদা সভা করার উদ্যোগ নিতে হবে।<br><br>৪.৫ স্থানীয় জনপ্রতিনিধি, সুশীল সমাজের ব্যক্তিবর্গ ও সরকারি কর্মকর্তাদের মসজিদে জুমআর নামাজ আদায়কালে জঙ্গিবাদ, মাদকের অপব্যবহার, বাল্য বিবাহ, ভিক্ষাবৃত্তি, ভিন্নমতের প্রতি আগ্রাসীপূর্ণ মনোভাব প্রদর্শনসহ বিভিন্ন সামাজিক সমস্যা নিয়ে মুসল্লিদের সাথে আলোচনা অব্যাহত রাখতে হবে।<br><br>৪.৬ এ বিভাগাধীন জেলাসমূহ এবং ইসলামিক ফাউন্ডেশন হতে জঙ্গিবাদ ও মাদক সংক্রান্ত কার্যক্রম (মসজিদে বয়ান, উঠান বৈঠক ও অন্যান্য) পূর্বের মাস ও চলতি মাস অনুযায়ী তথ্য প্রেরণ করতে হবে। | লেট<br>২. পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট<br>৩. জেলা প্রশাসক (সকল)<br>৪. অধিনায়ক, র‌্যাব-৯, সিলেট<br>৫. পুলিশ সুপার (সকল)<br>৬. পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সিলেট |

| | | |
|---|---|---|
| **৫. জেলা, উপজেলা ও ইউনিয়নে সন্ত্রাস, মাদক ও নাশকতা প্রতিরোধ কমিটির কার্যক্রম জোরদারকরণ:**<br>সভায় জানানো হয় যে, ইউনিয়ন, উপজেলা ও জেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির কার্যক্রম অব্যাহত আছে। বিভিন্ন পর্যায়ে কমিটির সভা নিয়মিত আয়োজন করা হচ্ছে। তাছাড়া সীমান্তবর্তী এলাকাসমূহে সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধে যৌথ প্রচারণামূলক সভা আয়োজন অব্যাহত রাখার বিষয়েও সভায় আলোচনা করা হয়।<br><br>জেলা, উপজেলা ও ইউনিয়নে সামজিক সম্প্রীতি কমিটির সভা নিয়মিত আয়োজনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ৫.১ জেলা, উপজেলা ও ইউনিয়ন সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি এবং সামজিক সম্প্রীতি কমিটির কার্যক্রম অব্যাহত রাখাসহ ছকানুযায়ী তথ্য প্রেরণ করতে হবে।<br><br>৫.২ সীমান্তবর্তী এলাকায় সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধে প্রশাসন, পুলিশ বিভাগ ও বিজিবির সমন্বয়ে যৌথ গণশুনানী করতে হবে এবং এ সংক্রান্ত তথ্য প্রেরণ করতে হবে। | ১. সেক্টর কমান্ডার, বিজিবি, সিলেট<br>২. সেক্টর কমান্ডার, বিজিবি, শ্রীমঙ্গল<br>৩. জেলা প্রশাসক (সকল)<br>৪. পুলিশ সুপার (সকল)<br>৫. পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সিলেট |
| **৬. নিরাপত্তা সংক্রান্ত:**<br>সভায় নিরাপত্তা নিশ্চিত ও বিভিন্ন অপরাধ সংঘটনের পর তদন্ত কার্যে সিসি ক্যামেরার গুরুত্ব এবং সরকারি অফিস-আদালত এবং বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহ সিসি ক্যামেরার আওতাভুক্ত করার বিষয়ে আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে, সিলেট বিভাগের ছোট-বড় প্রায় সব ধরণের বিপণী বিতান/ব্যবসা প্রতিষ্ঠানের ব্যবসায়ী সমিতি বা মার্কেট কমিটি রয়েছে যা উক্ত এলাকায় বিভিন্ন বিষয়ে কার্যকর ভূমিকা পালন করে থাকে। এক্ষেত্রে এসকল কমিটিকে তাদের নিজ নিজ ব্যবসা প্রতিষ্ঠান এবং তৎসংলগ্ন সড়কের নিরাপত্তায় সিসি ক্যামেরা স্থাপনের জন্য ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br><br>সভায় জেলা ও উপজেলাসমূহের গুরূত্বপূর্ণ স্থানসমূহে স্থাপিত সিসি ক্যামেরার সার্ভারের তথ্য/ডাটাবেজ সংরক্ষণে রাখার বিষয়ে আলোকপাত করা হয়। | ৬.১ সরকারি বিভিন্ন অফিস-আদালত এবং গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহ সিসি ক্যামেরার আওতায় আনার কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>৬.২ প্রতিষ্ঠানের নিজস্ব নিরাপত্তা এবং তৎসংলগ্ন সড়কের নিরাপত্তায় সিসি ক্যামেরা স্থাপনের জন্য ব্যবসায়ী সমিতি/মার্কেট কমিটির প্রতিনিধিদের সাথে আলোচনাক্রমে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>৬.৩ জেলা ও উপজেলাসমূহের গুরূত্বপূর্ণ স্থানসমূহে স্থাপিত সিসি ক্যামেরার সার্ভারের তথ্য/ডাটাবেজ সংরক্ষণে রাখতে হবে। | ১. ডিআইজি, সিলেট রেঞ্জ<br>২. পুলিশ কমিশনার, এসএমপি<br>৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিসিক<br>৪. জেলা প্রশাসক (সকল)<br>৫. পুলিশ সুপার (সকল)<br>৬. সভাপতি, সিলেট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি |

| | | |
|---|---|---|
| **৭. মাদকের ব্যবহার রোধ:**<br>সভায় জানানো হয় যে, মাদকের বিষয়ে জিরো টলারেন্স নীতি অনুসরণ করা হচ্ছে। মাদকের অপব্যবহার রোধে সচেতনতা তৈরি, তরুণ তরুণীদের মধ্যে সচেতনতামূলক প্রচার-প্রচারণা, মাদকের কুফল সম্পর্কে লিফলেট, স্টিকার বণ্টনসহ মাদক চোরাচালান রোধে কার্যকর ব্যবস্থা গ্রহণের উপর আলোচনা হয়। বিশেষ করে এ বিভাগের সীমান্তবর্তী যেসব স্থান দিয়ে মাদকদ্রব্য প্রবেশ করে সেসব স্থান চিহ্নিত করাসহ সার্বক্ষণিক নজরদারিকরণ এবং টাস্কফোর্স অভিযান বৃদ্ধির উপর গুরুত্বারোপ করা হয়। | মাদক বিরোধী প্রচারাভিযান অব্যাহত রাখাসহ সচেতনতামূলক/উদ্বুদ্ধকরণ সভা আয়োজন করতে হবে। | ১. ডিআইজি, সিলেট রেঞ্জ, সিলেট<br>২. জেলা প্রশাসক (সকল)<br>৩. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সিলেট<br>৪. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, সিলেট |
| **৮. সড়ক নিরাপত্তা:**<br>সভায় জানানো হয় যে, নিরাপদ সড়ক নিশ্চিতকরণে হাইওয়েতে মোবাইল কোর্ট পরিচালনাসহ সড়ক নিরাপত্তা বিষয়ে জেলা ও উপজেলায় সভা অনুষ্ঠিত হচ্ছে। হাইওয়েতে সিএনজি, ব্যাটারিচালিত অটোরিক্সাসহ অন্যান্য থ্রি-হুইলার চলাচল বন্ধে আরো সক্রিয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। পাশাপাশি সড়ক নিরাপত্তা সম্পর্কে সর্বস্তরে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে সড়ক নিরাপত্তা বিষয়ে উদ্বুদ্ধকরণ সভার আয়োজন অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়। সওজ, সিলেট জোন কর্তৃক মহাসড়কের গুরুত্বপূর্ণ স্থানে ট্রাফিক সাইন স্থাপনের কার্যক্রম নিয়মিত চলমান আছে বলে সভায় জানানো হয়।<br><br>নগরীর কদমতলী সরকারি প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন সড়কের পাশের নালার নির্মানকাজ শেষ করার পর উপরে স্ল্যাব না দেওয়ায় পথচারীরা হাঁটার জন্য মূল সড়ক ব্যবহার করছেন। পাশাপাশি মূল সড়কের অনেকাংশ জুড়ে বাসসহ অন্যান্য গাড়ি পার্কিং করায় সব মিলিয়ে সেখানে তীব্র যানজট সৃষ্টি হচ্ছে বলে সভায় জানানো হয়। এ সমস্যা সমাধানে সিটি কর্পোরেশন কর্তৃক দ্রুত নালার উপর স্ল্যাব নির্মান করার বিষয়ে সভায় আলোচনা হয়। | ৮.১ হাইওয়েতে অননুমোদিত যান চলাচল বন্ধ, যানবাহনের চালকদের ড্রাইভিং লাইসেন্স ও গাড়ির কাগজপত্র পরীক্ষা, শব্দ ও বায়ুদূষণ রোধ, অতিরিক্ত যাত্রী পরিবহন, অতিরিক্ত গতিতে গাড়ি চালানো এবং হাইড্রোলিক হর্ন ব্যবহার বন্ধে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br><br>৮.২ সড়ক নিরাপত্তা সম্পর্কে জেলা ও উপজেলা পর্যায়ে উদ্বুদ্ধকরণ সভা আয়োজন অব্যাহত রাখতে হবে।<br><br>৮.৩ মহাসড়কের গুরুত্বপূর্ণ স্থানে ট্রাফিক সাইন স্থাপন ও বিভিন্ন সড়ক-মহাসড়কে রোড মার্কিংয়ের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>৮.৪ কদমতলী সরকারি প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন সড়কের পাশের নালার উপর দ্রুত স্ল্যাব নির্মানের উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, সিলেট অঞ্চল<br>২. জেলা প্রশাসক (সকল)<br>৩. পুলিশ সুপার (সকল)<br>৪. পরিচালক, পরিবেশ অধিদপ্তর, সিলেট<br>৫. পুলিশ সুপার, হাইওয়ে পুলিশ, সিলেট অঞ্চল<br>৬. পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ, সিলেট বিভাগ, সিলেট<br>৭. সভাপতি, পরিবহন মালিক সমিতি, সিলেট |

| | | |
|---|---|---|
| **৯. বিবিধ:**<br>**৯.১ ড্রেন ও আবর্জনা পরিষ্কারকরণ:**<br>মশার উপদ্রব এবং ডেঙ্গু প্রতিরোধে ড্রেন পরিষ্কারকরণ ও ছড়া/খাল/জলাশয়সমূহ খনন, এডিস মশার লার্ভা নিধনের কার্যক্রম আরও তরান্বিত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>এছাড়া আসন্ন বর্ষা মৌসুমে যাতে অল্প বৃষ্টিতেই ড্রেন বন্ধ হয়ে জলাবদ্ধতার সৃষ্টি না হয় সে জন্য নগরীর বিভিন্ন ড্রেন/নালা/ছড়া ইত্যাদি পরিষ্কারের উদ্যোগ গ্রহণ এবং এ সংক্রান্ত কার্যক্রম নিয়মিত তদারকির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>সিলেট মহানগরীর বিভিন্ন স্থানে ড্রেন, ছড়া/খাল/ জলাশয়সমূহ খননের পর আবর্জনাসমূহ রাস্তার পাশে স্তুপাকারে জমা করে রাখা হয়। রাস্তা পরিষ্কার করে উক্ত আবর্জনাসমূহ সাথে সাথে নির্ধারিত স্থানে ফেলার বিষয়ে ও শহরের সার্বিক পরিষ্কার-পরিচ্ছন্নতার কার্যক্রম জোরদার করার বিষয়ে সভায় আলোকপাত করা হয়। | ৯.১.১ বর্ষা মৌসুমের পূর্বেই বিভিন্ন ড্রেন/নালা/ছড়া/খাল পরিষ্কারের উদ্যোগ নিতে হবে এবং এ সংক্রান্ত কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে।<br><br>৯.১.২ ডেঙ্গু প্রতিরোধ, এডিস মশার লার্ভা ধ্বংস এবং মশা নিধন কার্যক্রম জোরদার করতে হবে।<br><br>৯.১.৩ সিলেট মহানগরীর সার্বিক পরিষ্কার-পরিচ্ছন্নতার কার্যক্রম অব্যাহত এবং নিয়মিত মনিটরিং করতে হবে। | ১. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিসিক<br>২. জেলা প্রশাসক, সিলেট<br>৩. মেয়র, পৌরসভা (সকল) |
| **৯.২ নৌপথে চাঁদাবাজি:**<br>বিভাগাধীন জেলাসমূহে চলমান বালু ও পাথরবাহী নৌকা থেকে চাঁদাবাজি বন্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিভিন্ন বালু ও পাথরবাহী চলমান নৌকা থেকে চাঁদাবাজি বন্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. ডিআইজি, সিলেট রেঞ্জ<br>২. পুলিশ কমিশনার, এসএমপি<br>৩. জেলা প্রশাসক (সকল)<br>৪. অধিনায়ক, র‍্যাব-৯, সিলেট<br>৫. পুলিশ সুপার (সকল)<br>৬. মেয়র, পৌরসভা (সকল) |
| **৯.৩ নিত্যপণ্যের বাজার তত্ত্বাবধান:**<br>সভায় আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষ্যে পেঁয়াজসহ নিত্যপণ্যের অবৈধ মজুদ, কৃত্তিম সংকট তৈরি এবং বাজারে অস্থিরতা সৃষ্টি বা পণ্যের অস্বাভাবিক মূল্য বৃদ্ধি যাতে না ঘটে সে লক্ষ্যে বাজার মনিটরিং জোরদার করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়।<br><br>ওএমএস ও টিসিবি কার্যক্রমের পণ্য সঠিকভাবে প্রকৃত উপকারভোগীদের কাছে বিক্রি এবং এ কার্যক্রম সংক্রান্ত যেকোনো অনিয়ম পরিলক্ষিত হলে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণের বিষয়েও সভায় আলোচনা করা হয়। | ৯.৩.১ অবৈধ মজুদদারি রোধ, কৃত্তিম সংকট তৈরি এবং বাজারে অস্থিরতা বা পণ্যের অস্বাভাবিক মূল্যবৃদ্ধি প্রতিরোধে নিয়মিত অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br><br>৯.৩.২ ওএমএস ও টিসিবি কার্যক্রমের আওতায় প্রকৃত উপকারভোগীদের মধ্যে পণ্য বিক্রি করতে হবে। এ সংক্রান্ত যেকোনো অনিয়ম পরিলক্ষিত হলে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. ডিআইজি, সিলেট রেঞ্জ<br>২. পুলিশ কমিশনার, এসএমপি<br>৩. জেলা প্রশাসক (সকল)<br>৪. অধিনায়ক, র‍্যাব-৯, সিলেট<br>৫. পুলিশ সুপার (সকল) |

| | | |
|---|---|---|
| **৯.৪ অগ্নিকান্ড:**<br>সভায় জানানো হয় যে, শিল্প এলাকা, বহুতল ভবনসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অগ্নিকান্ড বিষয়ক নিয়মিত মহড়া ও গণসংযোগ পরিচালিত হচ্ছে। এ কর্মসূচির ধারাবাহিকতা অব্যাহত রাখতে সভায় আলোচনা করা হয়। পাশাপাশি অগ্নিনির্বাপক ব্যবস্থা জোরদারকরণ, অগ্নিনির্বাপক সহায়ক বিভিন্ন আধুনিক যন্ত্রপাতির যথাযথ ব্যবহার এবং ফায়ার সার্ভিসের সক্রিয় ভূমিকা জোরদারের উপর সভায় গুরুত্বারোপ করা হয়।<br><br>তাছাড়া ফায়ার সার্ভিস বিভাগকে চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি-এর সাথে সমন্বয় করে অগ্নিকান্ড রোধকল্পে বিভিন্ন শপিং মল প্রতিনিধিদের নিয়ে সচেতনামূলক সভার আয়োজন, প্রচারণা বৃদ্ধিসহ সার্বিক তদারকির বিষয়ে আলোচনা করা হয়। | ৯.৪.১ অগ্নিনির্বাপনে ফায়ার সার্ভিস বিভাগকে সক্রিয় ভূমিকা পালন এবং অগ্নিকান্ড রোধের বিষয়ে জনসচেতনতামূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>৯.৪.২ অগ্নিকান্ড প্রতিরোধে চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি'র সাথে সমন্বয় করে শিল্প কারখানা, ইন্ডাস্ট্রি ও শপিং মলের প্রতিনিধিদের নিয়ে সচেতনতামূলক সভার আয়োজন করতে হবে। | ১. উপ-পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট<br>২. পুলিশ সুপার, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ-৮, সিলেট<br>৩. সভাপতি, সিলেট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি |
| **৯.৫ ট্রান্সফরমার চুরি:**<br>বৈদ্যুতিক ট্রান্সফরমার চুরি বন্ধে উঠান বৈঠক ও জনসচেতনতামূলক সভা অনুষ্ঠানের উপর গুরুত্বারোপ করা হয়। ট্রান্সফরমার চুরি হলে সাথে সাথে সংশ্লিষ্ট থানায় জিডি করা এবং ট্রান্সফরমার চুরির সাথে জড়িতদের চিহ্নিত করে যথাযথ আইনি ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। | বৈদ্যুতিক ট্রান্সফরমার চুরি বন্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণ এবং ট্রান্সফরমার চুরি হলে সাথে সাথে সংশ্লিষ্ট থানায় জিডি করতে হবে। | ১. ডিআইজি, সিলেট রেঞ্জ, সিলেট<br>২. প্রধান প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সিলেট<br>৩. জেলা প্রশাসক (সকল)<br>৪. অধিনায়ক, র‌্যাব-৯, সিলেট<br>৫. পুলিশ সুপার (সকল)<br>৬. জিএম, পল্লী বিদ্যুতায়ন বোর্ড (সকল) |
| **৯.৬ অবৈধ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নকরণ ও বিদ্যুৎ সংযোগ প্রদানে সতর্ক হওয়া:**<br>অবৈধ করাত কলসমূহের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br><br>মেরামত কাজের জন্য বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার প্রয়োজন হলে অন্তত ২৪ ঘন্টা পূর্বে মাইকিং করে সংশ্লিষ্ট সবাইকে অবহিত করা, সিটি কর্পোরেশনের ড্রেন প্রশস্তকরণ/খনন বা অন্য কোনো উন্নয়নমূলক কাজ করার পূর্বে সংশ্লিষ্ট দপ্তরকে অবহিতকরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ৯.৬.১ অবৈধ করাত কলে কোনো ভাবেই বিদ্যুৎ সংযোগ প্রদান করা যাবে না। ইতোমধ্যে সংযোগ প্রদান হয়ে থাকলে দ্রুত সংযোগ বিচ্ছিন্ন করতে হবে।<br><br>৯.৬.২ সংস্কার/মেরামত কাজের জন্য কোনো এলাকার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার প্রয়োজন হলে অন্তত ২৪ ঘন্টা পূর্বে মাইকিং করে সংশ্লিষ্ট সবাইকে অবহিত করতে হবে।<br><br>৯.৬.৩ সিলেট সিটি কর্পোরেশনের ড্রেন প্রশস্তকরণ/খননসহ অন্যান্য উন্নয়নমূলক কাজের পূর্বে সংশ্লিষ্ট দপ্তরকে অবহিত করে কাজের মধ্যে সমন্বয় সাধন করতে হবে। | ১. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিসিক<br>২. প্রধান প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সিলেট<br>৩. জেলা প্রশাসক (সকল) |

| | | |
|---|---|---|
| **৯.৭ সীমান্তবর্তী নদীসমূহের সমস্যা চিহ্নিতকরণ ও নদীরক্ষা কমিটির তৎপরতা বৃদ্ধিকরণ:**<br>সীমান্তবর্তী নদীসমূহের সমস্যা চিহ্নিতকরণ ও নদীরক্ষা কমিটির তৎপরতা বৃদ্ধিকরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ৯.৭.১ সীমান্তবর্তী নদীসমূহের সমস্যা চিহ্নিতকরণ ও নদীরক্ষা কমিটির তৎপরতা বৃদ্ধি করতে হবে।<br><br>৯.৭.২ নদী প্রবাহ বন্ধ বা নদীর স্বাভাবিক গতিপথ পরিবর্তনের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকতে হবে। | জেলা প্রশাসক (সকল) |
| **৯.৮ যানজট নিরসন:**<br>আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে সিলেট নগরীর যানজট নিরসন সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা হয়। সিলেট শহরে যত্রতত্র পার্কিং, গাড়ির গ্যারেজ, অটোমোবাইল ওয়ার্কশপ নির্মানের ফলে যানজটের সৃষ্টি হচ্ছে বলে সভায় জানানো হয়। পাশাপাশি আবাসিক এলাকায় অটোমোবাইল সম্পর্কিত বিভিন্ন কারখানা স্থাপনের ফলে পরিবেশের ক্ষতি হওয়ার পাশাপাশি সেখানকার বাসিন্দাদেরও নানা অসুবিধা হচ্ছে। সিটি কর্পোরেশন কর্তৃক এসব প্রতিষ্ঠানকে ট্রেড লাইসেন্স দেওয়ার ক্ষেত্রে আরও সতর্ক হওয়ার বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | ৯.৮.১ আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে সিলেট নগরীর যানজট নিরসনে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>৯.৮.২ সিটি কর্পোরেশন কর্তৃক বিভিন্ন অটোমোবাইল সম্পর্কিত ব্যবসা প্রতিষ্ঠানকে ট্রেড লাইসেন্স প্রদানের ক্ষেত্রে আরও সতর্কতা অবলম্বন করতে হবে। | ১. পুলিশ কমিশনার, এসএমপি<br>২. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিসিক<br>৩. জেলা প্রশাসক, সিলেট |
| **৯.৯ সিলেট সিটি কর্পোরেশন নির্বাচন ২০২৩:**<br>সভায় জানানো হয় যে, আগামী ২১ জুন ২০২৩ তারিখ সিলেট সিটি কর্পোরেশন নির্বাচন অনুষ্ঠিত হবে। সুষ্ঠুভাবে নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিশনের নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট সকলকে সমন্বিতভাবে কাজ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | সিলেট সিটি কর্পোরেশন নির্বাচন ২০২৩ সুষ্ঠুভাবে আয়োজন এবং আইন-শৃঙ্খলা রক্ষায় নির্বাচন কমিশনের নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট সকলকে সমন্বিতভাবে কাজ করতে হবে। | ১. ডিআইজি, সিলেট রেঞ্জ<br>২. পুলিশ কমিশনার, এসএমপি<br>৩. সেক্টর কমান্ডার, বিজিবি, সিলেট<br>৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিসিক<br>৫. জেলা প্রশাসক, সিলেট<br>৬. অধিনায়ক, র‌্যাব-৯, সিলেট<br>৭. পুলিশ সুপার, সিলেট |

০৪। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. মুহাম্মদ মোশাররফ হোসেন
বিভাগীয় কমিশনার, সিলেট

স্মারক নম্বর: ০৫.৪৬.০০০০.০০৮.০৬.০০১.১৫.১৯২

তারিখ: ৪ জ্যৈষ্ঠ ১৪৩০
১৮ মে ২০২৩

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২) সচিব, জননিরাপত্তা বিভাগ
৩) সচিব, সুরক্ষা সেবা বিভাগ
৪) সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৫) উপ-মহা পুলিশ পরিদর্শক, সিলেট রেঞ্জ, সিলেট
৬) পুলিশ কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট
৭) সেক্টর কমান্ডার, বিজিবি, সিলেট
৮) সেক্টর কমান্ডার, বিজিবি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার
৯) প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট
১০) উপ মহাপরিচালক, আনসার ও ভিডিপি, সিলেট
১১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, সিলেট জোন, সিলেট
১২) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার
১৩) প্রধান প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সিলেট
১৪) পরিচালক, পরিবেশ অধিদপ্তর, সিলেট বিভাগীয় কার্যালয়, সিলেট
১৫) অধিনায়ক, র‍্যাব-৯, সিলেট
১৬) অতিরিক্ত পরিচালক, এনএসআই, সিলেট
১৭) পুলিশ সুপার, সিলেট
১৮) পুলিশ সুপার, সুনামগঞ্জ
১৯) পুলিশ সুপার, হবিগঞ্জ
২০) পুলিশ সুপার, মৌলভীবাজার
২১) পুলিশ সুপার, হাইওয়ে পুলিশ, সিলেট অঞ্চল, সিলেট
২২) পুলিশ সুপার, নৌ পুলিশ, সিলেট অঞ্চল, সিলেট
২৩) পুলিশ সুপার, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ-৮, সিলেট
২৪) অধ্যক্ষ, এমসি কলেজ, সিলেট
২৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সিলেট
২৬) পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, সিলেট
২৭) পরিচালক, বিভাগীয় তথ্য অফিস, সিলেট
২৮) পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ, সিলেট বিভাগ, সিলেট
২৯) পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বিভাগীয় কার্যালয়, সিলেট
৩০) অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সিলেট
৩১) উপপরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, সিলেট
৩২) উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, সিলেট
৩৩) উপ পরিচালক, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, সিলেট
৩৪) উপ পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট
৩৫) উপ পরিচালক, তামাবিল স্থল বন্দর, সিলেট
৩৬) সিনিয়র সহকারী কমিশনার, আইসিটি সেল, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট (কার্যবিবরণী ওয়েব পোর্টালে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৩৭) স্টেশন ম্যানেজার, সিলেট রেলওয়ে স্টেশন, সিলেট
৩৮) মেয়র, জকিগঞ্জ পৌরসভা, জকিগঞ্জ, সিলেট
৩৯) সভাপতি, বার এসোসিয়েশন, সিলেট
৪০) সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, সিলেট

৪১) মুক্তিযোদ্ধা কমান্ডার, সিলেট জেলা কমান্ড
৪২) সভাপতি, সিলেট জেলা প্রেস ক্লাব, সিলেট
৪৩) সভাপতি, পরিবহন মালিক সমিতি, সিলেট
৪৪) সভাপতি, পরিবহন শ্রমিক ইউনিয়ন, সিলেট

ড. মুহাম্মদ মোশাররফ হোসেন
বিভাগীয় কমিশনার